# Prime Minister's bilateral meeting with Prime Minister of Bangladesh Sheikh Hasina

**March 27, 2021**

# প্রধানমন্ত্রী ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপাক্ষিক বৈঠক

**মার্চ 27, 2021**

আজ 27 মার্চ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাথমিকভাবে ব্যক্তিগত এবং পরবর্তীতে ডেলিগেশন পর্যায়ের ফরম্যাটে সর্বাঙ্গীণ মতবিনিময় করেন। 1971 সালের ঐতিহ্য বজায় রেখে তাঁরা ব্যবসা, বাণিজ্য ও সংযোগ, জল সম্পদ, সুরক্ষা ও প্রতিরক্ষা, বিদ্যুৎ ও জ্বালানি সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতায় উন্নয়নের বিষয়ে আলোচনা করেন। উভয় প্রধানমন্ত্রী কৃত্রিম বুদ্ধিমত্তা, বিগ ডেটা, ফিন টেক এবং পারমাণবিক শক্তির সামাজিক প্রয়োগের মতো নতুন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতাকে উৎসাহ দেন। দু'দেশের মধ্যে ইয়ুথ এক্সচেঞ্জ প্রচারে সম্মত হন। প্রধানমন্ত্রী মোদী বাংলাদেশের 50জন তরুণ উদ্যোক্তাকে ভারতে স্টার্ট আপ ও ইনোভেশন ইকোসিস্টেমের সাথে সংযোগ স্থাপন এবং উদ্যোগপতি ধনী ব্যক্তিদের সাথে যোগাযোগের জন্য ভারত সফরের আমন্ত্রণ জানান।

দিল্লি বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু চেয়ার প্রতিষ্ঠা, বাংলাদেশী শিক্ষার্থী ও আধিকারিকদের জন্য 1000 "সুবর্ণ জয়ন্তী বৃত্তি" প্রদান, এই বিশেষ বছরে 'স্বাধীনতা সড়ক' উদ্বোধন এবং 19টি দেশে যৌথ স্মরণীয় কার্যক্রমের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

উভয় প্রধানমন্ত্রী এই গুরুত্বপূর্ণ মুহূর্তে তাদের নিজ নিজ দেশ থেকে প্রকাশিত স্ট্যাম্পগুলি যৌথভাবে উন্মোচন করেন। যে দিন ভারত আনুষ্ঠানিকভাবে বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছে, সেই 06 ডিসেম্বর তারিখটি উভয় পক্ষ "মৈত্রী দিবস" হিসাবে উদযাপন করতে সম্মত হয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতীয় সৈন্যদের অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশে (আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া) যুদ্ধস্মারক স্থাপনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী মোদী।

মোট ৪টি রূপপুর পাওয়ার ইভাকুয়েশন প্রকল্পের মধ্যে পাঁচটি প্যাকেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন দুই প্রধানমন্ত্রী, এবং কুঠিবাড়িতে 3টি সীমান্ত হাট এবং রবীন্দ্রভবন উদ্বোধন করেন। জনসংযোগ আরও জোরদার করার জন্য, উভয় পক্ষই প্রাক্ 1965 সালের চিলাহাটি–হলদীবাড়ী রেল যোগাযোগের পুনরুদ্ধার করে নিউ জলপাইগুড়ি এবং ঢাকার মধ্যে মিতালী এক্সপ্রেস নামে একটি যাত্রীবাহী ট্রেন চালাতে সম্মত হয়েছে।

স্বাস্থ্য খাতে সহযোগিতা জোরদার করতে এবং বাংলাদেশ নির্ধারিত প্রয়োজনীয়তার ভিত্তিতে ভারত বাংলাদেশকে 109টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স উপহার দেওয়ার কথা ঘোষণা করেছে। অ্যাম্বুলেন্সের চাবি প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেন প্রধানমন্ত্রী মোদী। বাংলাদেশের জনগনের জন্য 102

লক্ষ ভ্যাক্সিন, যার মধ্যে 32 লক্ষ উপহারস্বরূপ, দেওয়ার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উভয় দেশের এনসিসির মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা, বাণিজ্য প্রতিকার ব্যবস্থা, উন্নয়ন প্রকল্প বিষয়ে পাঁচটি (05) সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

সহযোগিতা ক্ষেত্রগুলির রূপরেখা নিয়ে একটি জারি করা বিশদ যৌথ বিবৃতি দেখা যাবে এখানে https://www.mea.gov.in/bilateral-documents.htm?dtl/33746/

**ঢাকা**
**মার্চ 27, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.